



## শোক বার্তা

গভীর দুঃখের সাথে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশনের বরিশাল অঞ্চলের আঞ্চলিক কমিশনার, বরিশাল সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ের সাবেক প্রধান শিক্ষক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা পরিদপ্তর বরিশালের সাবেক উপ পরিচালক বেগম রাবেয়া খাতুন ১৫ অক্টোবর, ২০২৩ রবিবার বরিশাল মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসায় অবস্থায় ইন্তেকাল করেন। (ইল্লালিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)।

বেগম রাবেয়া খাতুন বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশনের একজন নিবেদিতপ্রাণ সদস্য ছিলেন। এসোসিয়েশনের জন্য তিনি যে আলোকবর্তিকা জ্বালিয়ে গেছেন তাঁর অবদান এসোসিয়েশনে স্মরণীয় হয়ে থাকবে। তিনি গাইডিং-এর সাথে সম্পৃক্ত হয়ে আঞ্চলিক কমিশনারের দায়িত্বে থেকে কর্মরত অবস্থায় গার্ল গাইডের বিভিন্ন কার্যক্রমকে এগিয়ে নিয়ে যাওয়ার জন্য সর্বদা অগ্রণী ভূমিকা পালন করেন। তাঁর আন্তরিক প্রচেষ্টায় বরিশাল গাইড হাউজের অনেক সংস্কার কাজ সম্পন্ন হয়।

বেগম রাবেয়া খাতুন-এর মৃত্যুতে গার্ল গাইডস্ ও পরিবারের মাঝে যে শূন্যতার সৃষ্টি হয়েছে তা অপূরণীয়। মহান সৃষ্টিকর্তার কাছে এই প্রার্থনা তিনি যেন সকলকে এই শোক সহ্য করার শক্তি দেন।

বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশনের সর্বস্তরের গাইড সদস্য বেগম রাবেয়া খাতুন-এর মৃত্যুতে গভীর সমবেদনা জানাচ্ছে। মহান আল্লাহ রাক্বুল আল-আমীন যাতে তাঁকে জান্নাতুল ফেরদৌস নসিব করেন এই প্রার্থনা করে তাঁর বিদেহী আত্মার শান্তি ও মাগফেরাত কামনা করছি।

বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশনের পক্ষে -

কাজী জেবুন্নেছা বেগম  
জাতীয় কমিশনার  
বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশন